# ২৪তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০০৩

পরীক্ষার তারিখ ০৮.০৮.২০০৩; সময় ১ ঘণ্টা; পূর্ণমান . ১০০; কোড . মেঘনা; সেট নম্বর · ১

১. **'বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত' কে রচনা করেন?**
ক সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ সুকুমার সেন
গ মুহম্মদ শহীদুল্লাহ ঘ মুহম্মদ এনামুল হক

(ব্যাখ্যা) *ড. মুহম্মদ শহীদুল্লাহ (১৮৮৫-১৯৬৯ খ্রি) হলেন একজন বিশিষ্ট ভাষাবিদ, ভাষাবিজ্ঞানী, গবেষক ও শিক্ষাবিদ। তিনি তার জীবদ্দশায় বহু গবেষণা, ভাষাতত্ত্ব ও প্রবন্ধ গ্রন্থ রচনা করেন। এর মধ্যে উল্লেখযোগ্য হলো— বাঙ্গালা সাহিত্যের কথা (১ম খণ্ড, ১৯৫৩; ২য় খণ্ড, ১৯৬৫), ভাষা ও সাহিত্য (১৯৩১), বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত (১৯৬৫) ইত্যাদি। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের (১৮৯০-১৯৭৭ খ্রি) উল্লেখযোগ্য এ জাতীয় গ্রন্থের মধ্যে রয়েছে—The Origin and Development of the Bengali Language, বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা, ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ইত্যাদি।*

২. **রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থটি উপন্যাস?**
ক শেষের কবিতা খ বলাকা
গ ডাকঘর ঘ কালান্তর

(ব্যাখ্যা) *রবীন্দ্রনাথ ঠাকুর রচিত উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে— বৌ ঠাকুরাণীর হাট (১৮৮৩), রাজর্ষি (১৮৮৩), চোখের বালি (১৯০৩), নৌকাডুবি (১৯০৬), গোরা (১৯১০), চতুরঙ্গ (১৯১৬), ঘরে বাইরে (১৯১৬), যোগাযোগ (১৯২৯), শেষের কবিতা (১৯২৯) ইত্যাদি।*

৩. **কাজী নজরুল ইসলামের নামের সাথে জড়িত 'ধূমকেতু' কোন ধরনের প্রকাশনা?**
ক কবিতা খ পত্রিকা
গ উপন্যাস ঘ ছোটগল্প

(ব্যাখ্যা) *বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬ খ্রি) সাহিত্যসেবার পাশাপাশি সাংবাদিকতায়ও আত্মনিয়োগ করেছিলেন। তিনি ছিলেন সান্ধ্য দৈনিক নবযুগ' (১৯২০) পত্রিকার যুগ্ম-সম্পাদক। তার সম্পাদনায় প্রকাশিত হয় অর্ধ সাপ্তাহিক 'ধূমকেতু' (১৯২২)। এছাড়া তিনি 'লাঙ্গল' (১৯২৫) নামক সাপ্তাহিক পত্রিকাও সম্পাদনা করেছিলেন।*

৪. **জসীমউদ্দীনের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?**
ক রাখালী খ সোজন বাদিয়ার ঘাট
গ নক্‌শী কাঁথার মাঠ ঘ বালুচর

(ব্যাখ্যা) *পল্লীকবি জসীমউদ্দীন (১৯০৩-১৯৭৬ খ্রি) বাংলা কাব্যে কাহিনী, কাব্য, ছন্দ ও গীতিময়তায় নবদিগন্তের সূচনা করেন। তার প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থ হলো 'রাখালী' (১৯২৭)। তার প্রকাশিত অন্যান্য কাব্যগ্রন্থের মধ্যে রয়েছে—নকশী কাঁথার মাঠ (১৯২৯), বালুচর (১৯৩০), ধানক্ষেত (১৯৩১), সোজনবাদিয়ার ঘাট (১৯৩৩), হাসু (১৯৩৮), মা যে জননী কান্দে (১৯৬৩) ইত্যাদি।*

৫. **'রাইফেল রোটি আওরাত' উপন্যাসের রচয়িতা কে?**
ক হাসান হাফিজুর রহমান খ জহির রায়হান
গ শহীদুল্লাহ কায়সার ঘ আনোয়ার পাশা

(ব্যাখ্যা) *বিশিষ্ট কবি, কথাসাহিত্যিক, সমালোচক ও শিক্ষাবিদ আনোয়ার পাশা (১৯২৮-১৯৭১ খ্রি) রচিত মুক্তিযুদ্ধবিষয়ক উপন্যাস হলো 'রাইফেল রোটি আওরাত' (১৯৭৩)। তার রচিত অন্যান্য উপন্যাসের মধ্যে রয়েছে— 'নীড় সন্ধানী' (১৯৬৮) এবং 'নিষুতি রাতের গাথা' (১৯৬৯)। বিশিষ্ট কথাশিল্পী ও চলচ্চিত্র পরিচালক জহির রায়হান (১৯৩৫-১৯৭২ খ্রি) রচিত উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে— 'হাজার বছর ধরে' (১৩৭১), 'আরেক ফাল্গুন' (১৩৭৫), 'বরফ গলা নদী' (১৩৭৬), 'শেষ বিকেলের মেয়ে' (১৩৬৭) ইত্যাদি। সাংবাদিক ও সাহিত্যিক শহীদুল্লাহ কায়সার (১৯২৭-১৯৭১ খ্রি) রচিত উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে— সারেং বৌ' (১৯৬২), 'সংশপ্তক' (১৯৬৫) ইত্যাদি।*

৬. **জঙ্গম-এর বিপরীতার্থক শব্দ কি?**
ক অরণ্য খ পর্বত গ স্থাবর ঘ সমুদ্র

(ব্যাখ্যা) *'জঙ্গম' বিশেষণ পদটির অর্থ গতিশীল, শক্তিপূর্ণ, অস্থাবর, প্রাণবিশিষ্ট। সুতরাং এর বিপরীতার্থক শব্দ হলো স্থাবর।*

৭. **'উৎকর্ষতা' কি কারণে অশুদ্ধ?**
ক সন্ধিজনিত খ প্রত্যয়জনিত
গ উপসর্গজনিত ঘ বিভক্তিজনিত

(ব্যাখ্যা) *'উৎকর্ষ' একটি বিশেষ্য পদ, যার অর্থ শ্রেষ্ঠতা, উন্নতি, বৃদ্ধি, আধিক্য ইত্যাদি। কিন্তু এর বিশেষণ করতে 'উৎকর্ষতা' বললে তা অশুদ্ধ হবে। কারণ এর বিশেষণ হবে— উৎকৃষ্টতা, যা দ্বারা বস্তুর, ভাবের বা রুচির উৎকর্ষ বোঝায়। সুতরাং এখানে 'উৎকর্ষতা' শব্দটি প্রত্যয়জনিত কারণে অশুদ্ধ।*

৮. **তুমি না বলেছিলে আগামীকাল আসবে?—এখানে 'না'-এর ব্যবহার কি অর্থে?**
ক না-বাচক খ হ্যাঁ-বাচক
গ প্রশ্নবোধক ঘ বিস্ময়সূচক

(ব্যাখ্যা) *উপরিউক্ত বাক্যটি দেখতে প্রশ্নবোধক মনে হলেও বাক্যটির অন্তর্নিহিত ভাবটি আগামীকাল আসার কথা (বিবৃতি) বলা হয়েছে। তাই এটি হ্যাঁ-বাচক।*

৯. **কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?**
ক মৃত্যুক্ষুধা খ আলেয়া গ ঝিলিমিলি ঘ মধুমালা

(ব্যাখ্যা) *বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম শুধু কবিতাই নয়– গল্প, উপন্যাস, প্রবন্ধ ও নাটক রচনায়ও ছিলেন সিদ্ধহস্ত। তার রচিত ৩টি উপন্যাস হলো— 'বাঁধনহারা' (১৯২৭), 'মৃত্যুক্ষুধা' (১৯৩০) এবং 'কুহেলিকা' (১৯৩১)। প্রশ্নে উল্লিখিত 'আলেয়া' (১৯৩১), 'ঝিলিমিলি' (১৯৩০) ও 'মধুমালা' (১৯৫৯) তার রচিত নাটক।*

**উত্তর**

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | ক |
| ৩ | খ |
| ৪ | ক |
| ৫ | ঘ |
| ৬ | গ |
| ৭ | খ |
| ৮ | খ |
| ৯ | ক |

www.boighar.com

১০. 'মা যে জননী কান্দে' কোন ধরনের রচনা?
ⓚ কাব্য ⓚ নাটক ⓖ উপন্যাস ⓖ প্রবন্ধ

(ব্যাখ্যা) *পল্লীকবি জসীমউদ্‌দীন রচিত 'মা যে জননী কান্দে' (১৯৬৩) একটি কাব্যগ্রন্থ। তার রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থের মধ্যে রয়েছে—রাখালী (১৯২৭), নকশী কাঁথার মাঠ (১৯২৯), বালুচর (১৯৩০), ধানক্ষেত (১৯৩১), সোজন বাদিয়ার ঘাট (১৯৩৩), হাসু (১৯৩৮), মাটির কান্না (১৯৫১) ইত্যাদি। তার রচিত উল্লেখযোগ্য নাটকের মধ্যে রয়েছে—পদ্মাপাড় (১৯৫০), বেদের মেয়ে (১৯৫১), মধুমালা (১৯৫১) ইত্যাদি। তার রচিত একমাত্র উপন্যাস হলো—বোবা কাহিনী (১৯৬৪) এবং প্রবন্ধ ও সম্পাদিত গ্রন্থ হলো জারীগান (১৯৬৮) ও মুর্শিদী গান (১৯৭৭)।*

১১. কোনটা ঠিক?
ⓚ সোজন বাদিয়ার ঘাট (উপন্যাস)
ⓚ কাঁদো নদী কাঁদো (কাব্য)
ⓖ বহিপীর (নাটক) ⓖ মহাশ্মশান (নাটক)

(ব্যাখ্যা) *'সোজন বাদিয়ার ঘাট' (১৯৩৩) হলো জসীমউদ্‌দীন রচিত কাহিনী কাব্য। 'কাঁদো নদী কাঁদো' (১৯৬৮) ও 'বহিপীর' (১৯৬০) যথাক্রমে সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত উপন্যাস ও নাটক। আর 'মহাশ্মশান' (১৯০৪) হলো কায়কোবাদ রচিত মহাকাব্য।*

১২. 'কার মাথায় হাত বুলিয়েছ'—এখানে 'মাথা' শব্দের অর্থ—
ⓚ স্বভাব নষ্ট করা ⓚ স্পর্ধা বাড়া
ⓖ ফাঁকি দেওয়া ⓖ কোনো উপায়ে

(ব্যাখ্যা) *একই শব্দকে বিভিন্ন বাক্যে বিভিন্ন অর্থে ব্যবহার করা যায়। উপরিউক্ত বাক্যে 'মাথা' শব্দটি 'ফাঁকি দেয়া' অর্থে ব্যবহার করা হয়েছে। 'মাথা' শব্দটির আরো কিছু ব্যবহার হলো— অঙ্গবিশেষ— তার মাথার চুল কাল। জ্ঞান— ছাত্রটির অংকে ভালো মাথা আছে। মনের অবস্থা— রাগের মাথায় কোনো কাজ করা ঠিক নয়। দিব্যি দেয়া— মাথা খাও, চিঠি দিতে ভুল করো না। আস্কারা পাওয়া— ছেলেটি আদর পেয়ে একেবারে মাথায় উঠেছে।*

১৩. শরৎচন্দ্রের কোন উপন্যাসটি সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়েছিল?
ⓚ পথের দাবী ⓚ নিষ্কৃতি
ⓖ চরিত্রহীন ⓖ দত্তা

(ব্যাখ্যা) *বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ঔপন্যাসিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৭৬-১৯৩৮ খ্রি) রচিত রাজনৈতিক উপন্যাস 'পথের দাবী' বিপ্লববাদীদের প্রতি সমর্থনের অভিযোগে ব্রিটিশ সরকার কর্তৃক বাজেয়াপ্ত হয়। উপন্যাসটি ১৯২৬ সালে প্রকাশিত হয়। তার রচিত উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে— পরিণীতা (১৯১৪), বিরাজ বৌ (১৯১৪), বৈকুণ্ঠের উইল (১৯১৬), দেবদাস (১৯১৭), চরিত্রহীন (১৯১৭), শ্রীকান্ত (১ম পর্ব-১৯১৭, ২য় পর্ব-১৯১৮, ৩য় পর্ব-১৯২৭ ও ৪র্থ পর্ব-১৯৩৩), দত্তা (১৯১৮), গৃহদাহ (১৯২০), দেনাপাওনা (১৯২৩), শেষ প্রশ্ন (১৯৩১), বিপ্রদাস (১৯৩৫), নিষ্কৃতি ইত্যাদি।*

১৪. কোন গ্রন্থটির রচয়িতা এস ওয়াজেদ আলী?
ⓚ আশা-আকাঙ্ক্ষার সমর্থনে ⓚ ভবিষ্যতের বাঙালি
ⓖ উন্নত জীবন ⓖ সভ্যতা

(ব্যাখ্যা) *বিশিষ্ট সাহিত্যিক এস. ওয়াজেদ আলী (১৮৯০-১৯৫১ খ্রি) রচিত 'ভবিষ্যতের বাঙালী' (১৯৪৩) একটি প্রবন্ধ গ্রন্থ। তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে রয়েছে— মুসলিম সংস্কৃতির আদর্শ (প্রবন্ধ), গুলদাস্তা (১৯২৭), প্রাচ্য ও প্রতীচ্য (১৯৪৩) ইত্যাদি।*

১৫. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?
ⓚ কষ্ট ⓚ উপনিষৎ
ⓖ কল্যাণীয়েষু ⓖ আষাঢ়

(ব্যাখ্যা) *ব্যাকরণের যে নিয়মানুযায়ী দন্ত্য-স মূর্ধন্য-ষ তে রূপান্তরিত হয়, সে নিয়মসমূহকে ষত্ব বিধান বলে। যেমন— সু + সম = সুষম, এখানে 'সম' শব্দটি দন্ত্য-স মূর্ধন্য-ষ তে পরিবর্তিত হয়েছে। আবার সংস্কৃত ভাষায় আদিকাল থেকে কিছু শব্দে মূর্ধন্য-ষ চলে আসছে, এসব শব্দের বানানে নিত্য মূর্ধন্য-ষ হয়। সে হিসেবে 'আষাঢ়' শব্দটিতে নিত্য মূর্ধন্য-ষ বর্তমান।*

১৬. 'ভাষা মানুষের মুখ থেকে কলমের মুখে আসে, উল্টোটা করতে গেলে মুখে শুধু কালি পড়ে', বলেছেন—
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓚ কাজী নজরুল ইসলাম
ⓖ বলাইচাঁদ মুখোপাধ্যায় ⓖ প্রমথ চৌধুরী

(ব্যাখ্যা) *বাংলা সাহিত্যের বিশিষ্ট সাহিত্যিক প্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬ খ্রি) কর্তৃক উপরিউক্ত পংক্তিটি রচিত। প্রমথ চৌধুরী কর্তৃক আরেকটি গুরুত্বপূর্ণ পঙ্‌ক্তি হলো 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।'*

১৭. 'অক্ষির সমীপে'-এর সংক্ষেপণ হলো—
ⓚ সমক্ষ ⓚ পরোক্ষ
ⓖ প্রত্যক্ষ ⓖ নিরপেক্ষ

(ব্যাখ্যা) *'অক্ষির সমীপে'-এর সংক্ষেপণ হলো সমক্ষ। অন্যদিকে, 'অক্ষির সম্মুখে' হলো প্রত্যক্ষ, 'অক্ষির অগোচরে' হলো পরোক্ষ এবং 'পক্ষপাতহীন বা মুখাপেক্ষী নয় এমন' হলো নিরপেক্ষ।*

১৮. উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য—
ⓚ অব্যয় ও শব্দাংশ
ⓚ নতুন শব্দ গঠনে
ⓖ উপসর্গ থাকে সামনে, প্রত্যয় থাকে পিছনে
ⓖ ভিন্ন অর্থ প্রকাশে

(ব্যাখ্যা) *যেসব অব্যয় শব্দ বা ধাতুর পূর্বে বসে মূল শব্দের অর্থের পরিবর্তন ঘটায় ও নতুন শব্দ গঠন করে তাকে উপসর্গ বলে। যেমন— বে + কার = বেকার; এখানে 'বে' উপসর্গ। অন্যদিকে যেসব বর্ণ বা বর্ণসমষ্টি ধাতু বা শব্দের পরে বসে নতুন শব্দ গঠন করে তাকে প্রত্যয় বলে। যেমন— কাঁদ্ + অন = কাঁদন, এখানে 'অন' প্রত্যয়। সুতরাং উপরিউক্ত প্রশ্নে (গ)-ই যথার্থ উত্তর।*

উত্তর

| | |
|---|---|
| ১০ | ক |
| ১১ | গ |
| ১২ | গ |
| ১৩ | ক |
| ১৪ | খ |
| ১৫ | ঘ |
| ১৬ | ঘ |
| ১৭ | ক |
| ১৮ | গ |

১৯. 'তুমি এতক্ষণ কী করেছ?'—এই বাক্যে 'কী' কোন পদ?
(ক) বিশেষণ (খ) অব্যয়
(গ) সর্বনাম (ঘ) ক্রিয়া

(ব্যাখ্যা) *বিশেষণ হলো যা বিশেষ্য ও সর্বনাম পদের দোষ, গুণ ইত্যাদি প্রকাশ করে। যেমন– ভালো, ছোট, বড়, পাঁচটি ইত্যাদি। অব্যয় হলো যে পদের কোনো পরিবর্তন নেই। যেমন– এবং, কিংবা, কিন্তু, অথবা ইত্যাদি। সর্বনাম হলো যা বিশেষ্যের পরিবর্তে বসে। যেমন–আমি, তুমি, সে, তাকে, আমার ইত্যাদি। ক্রিয়া হলো যে পদ দ্বারা কার্য সম্পন্ন হয়। যেমন– করা, খাওয়া, যাওয়া ইত্যাদি। সুতরাং উপরিউক্ত বাক্যে 'তুমি' ও 'কী' উভয়ই সর্বনাম।*

২০. 'আকাশে তো আমি রাখিনাই মোর উড়িবার ইতিহাস।' —এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?
(ক) কর্তৃকারকে সপ্তমী (খ) কর্মকারকে সপ্তমী
(গ) অপাদান কারকে তৃতীয়া (ঘ) অধিকরণ কারকে সপ্তমী

(ব্যাখ্যা) *যে স্থানে বা যে কালে ক্রিয়া অনুষ্ঠিত হয় তাকে অধিকরণ কারক বলে। যেমন—নদীতে পানি আছে। সুতরাং উপরিউক্ত বাক্যে 'আকাশে' শব্দটি অধিকরণ কারক এবং এখানে 'এ' বিভক্তি থাকায় এটি সপ্তমী বিভক্তি।*

***Choose the correct alternative and mark its letter on your answer sheet :***

২১. There are—dangerous drivers.
(ক) a very lot of (খ) very many of
(গ) very much of (ঘ) a lot of

(ব্যাখ্যা) *Option (ক) ও (খ)-এর ব্যবহার সাধারণত দেখা যায় না। আর option (গ)-তে much ব্যবহার করা হয়েছে, অথচ drivers (Countable noun)-এর সাথে তা ব্যবহার করা যায় না। অন্যদিকে এ জাতীয় phrase এখানে ব্যবহার করা যায় না। সুতরাং (ঘ) সঠিক উত্তর। কারণ বাক্যের ভাবধারা অনুযায়ী এর ব্যবহার যথার্থ।*

২২. I have read the book—you lent me.
(ক) that (খ) whom
(গ) whose (ঘ) what

(ব্যাখ্যা) *এ বাক্যটির শূন্যস্থানে একটি relative pronoun বসবে যা inactive object 'book' কে signify করবে। এখানে whose এবং whom হলো personal pronoun যা কেবল ব্যক্তিকে signify করার জন্য ব্যবহৃত হয়। অন্যদিকে that, pronoun টি যেহেতু inactive object কে signify করে সেহেতু শূন্যস্থানে তা বসালে বাক্যটি যথার্থ হবে। সুতরাং সঠিক উত্তর (ক).*

২৩. Water boils — you heat it to 100° centigrade.
(ক) unless (খ) until
(গ) if (ঘ) although

(ব্যাখ্যা) *বাক্যটি একটি বৈজ্ঞানিক শর্ত প্রকাশ করছে বলে if-ই এখানে যথার্থ।*

২৪. Tell me —that.
(ক) whom told you (খ) that told you
(গ) who told you (ঘ) told you

(ব্যাখ্যা) *বাক্যটির শূন্যস্থান পূরণ করলে একটি WH question দাঁড়াবে। এক্ষেত্রে উত্তর 'a' তে whom did you tell থাকলে সঠিক হতো। উত্তর (খ) বসালেও যথাযথ বাক্য গঠিত হয় না। আবার উত্তর (ঘ) তে কোনো conjunction না থাকায় দুটি clause সঠিকভাবে যুক্ত হচ্ছে না এবং বাক্যও গঠিত হচ্ছে না। সেক্ষেত্রে উত্তর (গ)-তে who দিয়ে যদি WH questionটি শুরু হয় তাহলে 'কে বলল' এরূপ একটি অর্থ প্রকাশ পায় এবং যথাযথ নিয়মে sentence গঠিত হয়। সুতরাং এটিই সঠিক।*

২৫. I opened the door as soon as I — the bell.
(ক) have heard (খ) was hearing
(গ) am heard (ঘ) heard

(ব্যাখ্যা) *অতীতে কোনো ঘটনা সমসাময়িক সময়ে ঘটলে উভয়ই একই tense-এ হয়। সুতরাং as soon as এর পূর্বে past indefinite থাকায় এর পরেও past indefinite (heard) হবে।*

২৬. I am looking for someone who—play the piano.
(ক) able to (খ) is able
(গ) can be able to (ঘ) can

(ব্যাখ্যা) *কারো কোনো কিছু করার যোগ্যতা, সামর্থ্য বা সুযোগ (Ability or opportunity) রয়েছে বা কেউ কোনো কিছু করতে সক্ষম এরূপ বুঝাতে can ব্যবহৃত হয়। উল্লেখ্য, can শুধু present indefinite tense-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। আর present perfect ও future tense-এর ক্ষেত্রে can-এর পরিবর্তে be able to ব্যবহৃত হয়। সুতরাং উত্তর (ঘ) সঠিক।*

২৭. Don't make a noise while your father —
(ক) is being asleep (খ) is sleeping
(গ) asleep (ঘ) has slept

(ব্যাখ্যা) *সাধারণত main clause যদি present tense হয় তাহলে subordinate clause যে কোনো tense-এ হতে পারে। কিন্তু এখানে subordinate clause-এর শুরুতে while থাকায় তা continious tense হবে। সুতরাং সঠিক উত্তর (খ)।*

২৮. As the sun—,I decided to go out.
(ক) shines (খ) has shone
(গ) shine (ঘ) was shining

(ব্যাখ্যা) *সাধারণ নিয়মানুযায়ী main clause যদি past tense-এ থাকে তাহলে subordinate clause অবশ্যই past tense হবে। সে হিসেবে সঠিক উত্তর (ঘ)।*

২৯. He gave up—football when he got married.
(ক) to play (খ) playing
(গ) play (ঘ) of playing

(ব্যাখ্যা) *সাধারণত পাশাপাশি দুটি verb ব্যবহৃত হলে দ্বিতীয়টির সাথে ing যুক্ত হয়। সে নিয়মানুযায়ী সঠিক উত্তর (খ) কেননা, gave up একটি phrasal verb এবং এরপর play verb-এর সাথে ing যুক্ত হয়েছে।*

| উত্তর | |
|---|---|
| ১৯ | গ |
| ২০ | ঘ |
| ২১ | ঘ |
| ২২ | ক |
| ২৩ | গ |
| ২৪ | গ |
| ২৫ | ঘ |
| ২৬ | ঘ |
| ২৭ | খ |
| ২৮ | ঘ |
| ২৯ | খ |

৩০. I have — interest in the matter.
ⓚ not ⓚ any
ⓖ none ⓖ no

(ব্যাখ্যা) সাধারণত হ্যাঁ বোধক বাক্যে (*Affirmative sentence*) *no* বসে, যার অর্থ হলো নাই/ অভাব ইত্যাদি। যেমন : *I have no friend.* (আমার কোনো বন্ধু নাই) অন্যদিকে *not* ব্যবহৃত হয় অমিল/বৈসাদৃশ্য/ভিন্নতা বা নেতিবাচক অর্থ বুঝাতে। যেমন–*He is not my friend* (সে আমার বন্ধু নয়)। যদি এখানে *not* বসানো হয় তাহলে অর্থ দাঁড়ায় *I have not interest in the matter.* (বিষয়টিতে আমার স্বার্থ/আগ্রহ নেই) আসলে এমনবাক্য হয় না। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৩১. — is not the only thing that tourists want to see.
ⓚ A scenery ⓚ Sceneries
ⓖ The sceneries ⓖ Scenery

(ব্যাখ্যা) সাধারণত *abstract noun*-এর পূর্বে কোনো *article* বসে না। *scenery* একটি *abstruct noun*. সুতরাং (ক) এবং (গ) ভুল। যেহেতু *is* আছে তাই (খ) হবে না। সুতরাং (ঘ) সঠিক।

৩২. Just now he—his dinner but he says he will see you when he's finished.
ⓚ is having ⓚ has had
ⓖ was having ⓖ had

(ব্যাখ্যা) *Sentence*-এ *just, yet, already, recently, just now, by this time* ইত্যাদি থাকলে *present perfect tense* হয়। আর *present perfect tense* -এর গঠন হলো :
*S + have/has + verb*-এর *past participle + object.*
সুতরাং এ *structure* অনুযায়ী সঠিক উত্তর (খ)।

৩৩. The children were entrusted—the care of their uncle.
ⓚ with ⓚ for
ⓖ to ⓖ at

(ব্যাখ্যা) *entrusted with*-কোনো ব্যক্তিকে কোনো কিছুর দায়িত্ব প্রদান। *entrusted to*-কাউকে অন্য কারো দায়িত্ব অর্পণ। *entrusted for*-এ ধরনের *phrase* দেখা যায় না। *entrusted at*-এ ধরনের *phrase* ও দেখা যায় না। বাক্যে শিশুদেরকে চাচার দায়িত্বে অর্পণ করার ইঙ্গিত রয়েছে। তাই সঠিক উত্তর হবে (গ)।

৩৪. He parted —his friends in tears.
ⓚ with ⓚ from
ⓖ against ⓖ beside

(ব্যাখ্যা) *part with*-ভিন্ন পথে গমন, কোনো কিছু ত্যাগ করা। *part from*- বিচ্ছিন্ন হওয়া, ছেড়ে যাওয়া। *part against*-এ ধরনের ব্যবহার দেখা যায় না। *part beside*-এ ধরনের ব্যবহার দেখা যায় না। এখানে বাক্যের ভাবার্থ অনুযায়ী (খ)-ই সঠিক উত্তর।

৩৫. 'I'll have a cup of tea,' my father said, 'Because I'm not hungry.'
Which of the following sentence is the correct indirect speech?
ⓚ My father said that he will have a cup of tea because he wasn't hungry.
ⓚ My father said that he would have had a cup of tea because he wasn't hungry.
ⓖ My father said that he would have a cup of tea because he wasn't hungry.
ⓖ My father said that he had a cup of tea because he wasn't hungry.

(ব্যাখ্যা) নিয়মানুযায়ী *reporting verb* যদি *past tense*-এর হয় তাহলে *reported speech*-কেও *past tense*-এ পরিবর্তন করতে হয়। এ নিয়মানুযায়ী *reported speech*-এর *will* পরিবর্তিত হয়ে *would* হবে আবার *reported speech*-এর *1st person* সর্বদা *reproting verb*-এর *number, person* ও *gender* অনুসারে পরিবর্তিত হয়। এখানে *My father* যেহেতু *1st person* এবং *singular number* তাই *I* পরিবর্তিত হয়ে *he* হবে। অন্যদিকে অপর অংশের *is* পরিবর্তিত হয়ে *past form*-এ *was* হবে।
(গ)-তে উল্লিখিত নিয়মটি মানা হয়েছে। তাই সঠিক উত্তর (গ)।

৩৬. The expression 'Lingua franca' means—.
ⓚ The common language.
ⓚ The first language
ⓖ International language.
ⓖ The French language.

(ব্যাখ্যা) *The common language*- সাধারণ ভাষা। *The first language*- প্রথম ভাষা। *International language*- আন্তর্জাতিক ভাষা। *The French language*- ফরাসি ভাষা। মূলত *Lingua franca* হলো এমন ভাষা যা একটি দেশের বিভিন্ন ভাষাভাষি মানুষ তাদের সাধারণ ভাষা হিসেবে ব্যবহার করে। তাই সঠিক উত্তর (ক)।

৩৭. Choose the correct meaning :
He raised his eyebrow at my explanation.
ⓚ show surprise or disapproval.
ⓚ show agreement.
ⓖ show happiness. ⓖ show indifference.

(ব্যাখ্যা) *Raising one's eyebrow* অর্থ হলো চোখ কপালে তোলা; যার অন্য অর্থ হলো আশ্চর্য হওয়া বা বিরাগ প্রকাশ করা। সে অর্থে-উত্তর (ক) ই সঠিক।

৩৮. 'Razzmatazz' means—
ⓚ A musical instrument
ⓚ A well-planned programme
ⓖ A noisy activity ⓖ A musical activity.

(ব্যাখ্যা) *'Razzmatazz'*-এর অর্থ হলো– *a lot of noisy or exciting activity*। সুতরাং অর্থানুসারে (গ) ই সঠিক।

উত্তর

| | |
|---|---|
| ৩০ | ঘ |
| ৩১ | ঘ |
| ৩২ | খ |
| ৩৩ | গ |
| ৩৪ | খ |
| ৩৫ | গ |
| ৩৬ | ক |
| ৩৭ | ক |
| ৩৮ | গ |

বইঘর.কম


৩৯. The antonym for 'Recalcitrant'—
ⓚ Compliant ⓚh Passive
ⓖ Indifferent ⓖh Careful

(ব্যাখ্যা) *Compliant—শিষ্ট, ভদ্র। Passive—নিষ্ক্রিয়। Indifferent— উদাসীন। Careful—সতর্ক। অন্যদিকে Recalcitrant অর্থ হলো অবাধ্য (stubborn). সে হিসেবে-এর বিপরীতার্থক শব্দ compliant হওয়াই যৌক্তিক।*

৪০. The synonym for 'Obdurate'—
ⓚ Deceitful ⓚh Stubborn
ⓖ Sly ⓖh Swindler

(ব্যাখ্যা) *Deceitful—প্রবঞ্চনাপূর্ণ; Stubborn—অবাধ্য; Sly-চতুর, শঠ, ধূর্ত; Swindler—প্রতারক, জুয়াচোর; আর obdurate—অর্থ একগুঁয়ে, অবাধ্য। সে হিসেবে সঠিক উত্তর (খ)।*

৪১. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের জন্য কতজনকে বীর উত্তম উপাধিতে ভূষিত করা হয়?
(ক) ২৫৭ জন (খ) ১৬৩ জন (গ) ৪৪ জন (ঘ) ৬৮ জন

(ব্যাখ্যা) *মুক্তিযুদ্ধে অবদানের জন্য ৪টি রাষ্ট্রীয় খেতাব প্রদান করা হয় ৬৭৬ জনকে। তার মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন, বীর প্রতীক ৪২৬ জন।*

৪২. জিয়া সার কারখানায় উৎপাদিত সারের নাম কি?
(ক) অ্যামোনিয়া (খ) টিএসপি
(গ) ইউরিয়া (ঘ) সুপার ফসফেট

(ব্যাখ্যা) *জিয়া সার কারখানার বর্তমান নাম 'আশুগঞ্জ ফার্টিলাইজার অ্যান্ড কেমিক্যাল কোম্পানি লি.'। কারখানাটি ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জে অবস্থিত। এ সার কারখানায় ইউরিয়া সার উৎপাদিত হয়। এছাড়া অন্যান্য যেসব কারখানায় ইউরিয়া উৎপাদিত হয়, তা হলো– চট্টগ্রাম ইউরিয়া, ঘোড়াশাল, পলাশ, যমুনা, কর্ণফুলী ও শাহজালাল সার কারখানা। উল্লেখ্য, বাংলাদেশের সবচেয়ে বড় যমুনা সার কারখানা জামালপুরের তারাকান্দিতে অবস্থিত।*

৪৩. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
(ক) জয়নুল আবেদিন (খ) কামরুল হাসান
(গ) হামিদুর রহমান (ঘ) হাশেম খান

(ব্যাখ্যা) *মানচিত্রখচিত প্রথম জাতীয় পতাকার নকশা তৈরি করেন শিবনারায়ণ দাশ। পরবর্তীতে ১৯৭২ সালে বর্তমান জাতীয় পতাকার (মানচিত্রবিহীন) ডিজাইন করেন বাংলাদেশের প্রখ্যাত চিত্রশিল্পী কামরুল হাসান (১৯২১-১৯৮৮ খ্রি.)।*

৪৪. কোন উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়?
(ক) আয়কর (খ) আমদানি ও রপ্তানি শুল্ক
(গ) ভূমি রাজস্ব (ঘ) মূল্য সংযোজন কর

(ব্যাখ্যা) *বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয় মূল্য সংযোজন কর (VAT) থেকে। অর্থনৈতিক সমীক্ষা ২০১৮-এর তথ্য মতে, ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত মূল্য সংযোজন করের মাধ্যমে মোট রাজস্ব ৩৮.৩২%, আয়কর থেকে ২৯.০০%, সম্পূরক শুল্ক থেকে ১৮.২%, আমদানি শুল্ক থেকে ১২.৭৪% এবং অন্যান্য কর ও শুল্ক থেকে ১.৭% আদায় হয়।*

৪৫. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপের নাম কি?
(ক) সেন্টমার্টিন (খ) মহেশখালী
(গ) হাতিয়া (ঘ) সন্দ্বীপ

(ব্যাখ্যা) *কক্সবাজার জেলায় টেকনাফের সমুদ্র উপকূল থেকে ৪৮ কিমি দক্ষিণে সেন্টমার্টিন দ্বীপ অবস্থিত। এর আয়তন প্রায় ৮ বর্গকিমি। এটি পর্যটন কেন্দ্র, মৎস্য আহরণ, খনিজ পদার্থ ও চুনাপাথরের জন্য বিখ্যাত।*

৪৬. 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয় লাভের অধিকারী'—সংবিধানের কোন অনুচ্ছেদে বর্ণিত আছে?
(ক) ২৭ (খ) ২৮ (গ) ৩০ (ঘ) ৪৭

(ব্যাখ্যা) *এটি বাংলাদেশ সংবিধানের তৃতীয় ভাগ মৌলিক অধিকার-এর 'আইনের দৃষ্টিতে সমতা' অংশে ২৭ অনুচ্ছেদে বর্ণিত আছে। অন্যদিকে ২৮নং অনুচ্ছেদে ধর্ম-বর্ণ ইত্যাদি বিষয়ে বৈষম্য, ৩০নং অনুচ্ছেদে বিদেশী খেতাব ইত্যাদি গ্রহণ, নিষিদ্ধকরণ এবং ৪৭নং অনুচ্ছেদে কতিপয় আইনের হেফাজত বিষয়ে আইন বর্ণিত হয়েছে।*

৪৭. মহিলা পুলিশ প্রথম নিয়োগ করা হয় কোন সালে?
(ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৬ সালে
(গ) ১৯৭৭ সালে (ঘ) ১৯৭৮ সালে

[Note : *১৯৭৪ সালে সর্বপ্রথম সাদা পোশাকে স্পেশাল ব্রাঞ্চে ১২ জন মহিলা পুলিশ নিয়োগ করা হয়। ইউনিফর্মধারী নারী পুলিশের যাত্রা শুরু হয় ১৯৭৬ সালে। অতঃপর ১৯৭৮ সালে ঢাকা মহানগর পুলিশে মহিলা নিয়োগ করা হয়। বাংলাদেশ পুলিশের প্রথম নারী ডিআইজি ফাতেমা বেগম ও প্রথম নারী ওসি হোসনে আরা বেগম (নিয়োগ ১৭ মে ২০০৯, ক্যান্টনমেন্ট থানা, ঢাকা)। ১৯৮৬ সালে চারজন মহিলা পুলিশ অফিসার বিসিএস পরীক্ষার মাধ্যমে এএসপি হিসেবে যোগদান করেন। নারী পুলিশ সদস্যদের সমন্বয়ে গঠিত আর্মড পুলিশ ব্যাটালিয়ন-১১ (APBn-11)-এর যাত্রা শুরু হয় ২২ জুন ২০১১।*]

৪৮. সম্প্রতি গার্মেন্টসসহ কতিপয় দ্রব্য বিনাশুল্কে কোন দেশে প্রবেশাধিকার পেয়েছে?
(ক) যুক্তরাষ্ট্র (খ) কানাডা
(গ) জাপান (ঘ) চীন

৪৯. স্বাধীনতার প্রথম ডাকটিকিটে কোন ছবি ছিল?
(ক) জাতীয় স্মৃতিসৌধ (খ) লালবাগের কেল্লা
(গ) সোনা মসজিদ (ঘ) শহীদ মিনার

(ব্যাখ্যা) *স্বাধীনতার পর প্রকাশিত (২১ ফেব্রুয়ারি ১৯৭২) প্রথম ডাকটিকিটে শহীদ মিনারের ছবি ছিল। ২০ পয়সা মূল্যমানের এ ডাকটিকিটের ডিজাইনার ছিলেন বি পি চিতনিশ (BP Chitonish)। উল্লেখ্য, বাংলাদেশের প্রথম ডাকটিকিট প্রকাশিত হয় ১৯৭১ সালের ২৯ জুলাই। মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত ৮ প্রকার এ ডাকটিকিটের ডিজাইনার ছিলেন বিমান মল্লিক।*

৫০. বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর কোনটি?
(ক) জাতিতাত্ত্বিক জাদুঘর (খ) জাতীয় জাদুঘর
(গ) বরেন্দ্র গবেষণা জাদুঘর (ঘ) ঢাকা নগর জাদুঘর

উত্তর

| | |
|---|---|
| ৩৯ | ক |
| ৪০ | খ |
| ৪১ | ঘ |
| ৪২ | গ |
| ৪৩ | খ |
| ৪৪ | ঘ |
| ৪৫ | ক |
| ৪৬ | ক |
| ৪৭ | Note |
| ৪৮ | খ |
| ৪৯ | ঘ |
| ৫০ | গ |

www.boighar.com

Boighar.com

(ব্যাখ্যা) বাংলাদেশের সর্বপ্রথম জাদুঘর বরেন্দ্র জাদুঘর। এটি এপ্রিল ১৯১০ সালে রাজশাহীতে প্রতিষ্ঠিত হয়। বাংলাদেশের বর্তমান জাতীয় জাদুঘর ৭ আগস্ট ১৯১৩ সালে ঢাকার শাহবাগে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন এর নাম ছিল ঢাকা জাদুঘর যা ১৯৮৩ সালে জাতীয় জাদুঘর নামকরণ করা হয়।

**৫১. ২০০৩-০৪ সনের বার্ষিক উন্নয়ন কর্মসূচির মোট ব্যয় —**

ⓚ ২০,৩০০ কোটি টাকা ⓚ ১৯,২০০ কোটি টাকা
ⓖ ১৭,১০০ কোটি টাকা ⓖ ১৯,৫০০ কোটি টাকা

[Note : ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ব্যয় ধরা হয় ১,৭৩,০০০ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ব্যয় ধরা হয় ১,৫৩,৩৩১ কোটি টাকা। ২০১৬-১৭ অর্থবছরের বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ধরা হয়েছে ১,১০,৭০০ কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ছিল ৯৭,০০০ কোটি টাকা]

**৫২. বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর —**

ⓚ সোনা মসজিদ ⓚ চট্টগ্রাম
ⓖ বেনাপোল ⓖ হিলি

(ব্যাখ্যা) বাংলাদেশের প্রধান ও বৃহত্তম স্থলবন্দর বেনাপোল যশোর জেলায় অবস্থিত। দেশের দ্বিতীয় বৃহত্তম স্থলবন্দর হলো দিনাজপুরে অবস্থিত হিলি স্থলবন্দর। সোনা মসজিদ স্থলবন্দরটি চাঁপাইনবাবগঞ্জে অবস্থিত। চট্টগ্রামে কোনো স্থলবন্দর নেই। উল্লেখ্য, বাংলাদেশে মোট ২৩টি স্থলবন্দর রয়েছে। দেশের সর্বশেষ স্থলবন্দর বাল্লা, হবিগঞ্জ।

**৫৩. বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীরের কবর এই জেলায়—**

ⓚ নাটোর ⓚ চাঁপাইনবাবগঞ্জ
ⓖ জয়পুরহাট ⓖ নওগাঁ

(ব্যাখ্যা). বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর ১৯৪৮ সালে বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার রহিমগঞ্জ গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৭১ সালের ডিসেম্বরে চাঁপাইনবাবগঞ্জে সাত নম্বর সেক্টরে মুক্তিবাহিনী সাব সেক্টর কমান্ডার হিসেবে তিনি দায়িত্বরত ছিলেন। ১৪ ডিসেম্বর ১৯৭১ তিনি পাকবাহিনীর সাথে সরাসরি যুদ্ধে শহীদ হলে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার ঐতিহাসিক গৌড়ের ছোট সোনা মসজিদ প্রাঙ্গণে তাকে সমাহিত করা হয়।

**৫৪. মার্কিন ডলারে ২০০১-০২ অর্থবছরে বাংলাদেশের রপ্তানি আয় প্রায়—**

ⓚ ৮ বিলিয়ন ⓚ ৬ বিলিয়ন
ⓖ ৫ বিলিয়ন ⓖ ৭ বিলিয়ন

(ব্যাখ্যা) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮-এর তথ্য অনুসারে, ২০১৬-১৭ অর্থবছরে বাংলাদেশের রপ্তানি আয় ৩৪,৬৫৬ মিলিয়ন মার্কিন ডলার। দেশের মোট রপ্তানি আয় বৃদ্ধিতে তৈরি পোশাক (১৪,৩৯৩মি.মা.ড.) এবং নীটওয়্যার (১৩,৭৫৭ মি. মা.ড.)-এর উল্লেখযোগ্য অবদান ২০১৬-১৭ অর্থবছরেও অব্যাহত রয়েছে।

**৫৫. সম্প্রতি 'সাফ' ফুটবলে এই দেশের সাথে খেলে বাংলাদেশ শিরোপা পায়—**

ⓚ মালদ্বীপ ⓚ ভারত ⓖ পাকিস্তান ⓖ নেপাল

(ব্যাখ্যা) ২০ জানুয়ারি ২০০৩ বাংলাদেশে অনুষ্ঠিত তৃতীয় সাফ ফুটবলে বাংলাদেশ টাইব্রেকারে ১(৫)-১(৪) গোলে মালদ্বীপকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। সর্বশেষ ২০১৮ সালে অনুষ্ঠিত সাফ ফুটবলের ফাইনালে মালদ্বীপ ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। প্রথমবার চ্যাম্পিয়ন হয়েছিল ভারত, ১৯৯৩ সালে। উল্লেখ্য, সাফ ফুটবল ও সাফ গেমস (বর্তমান নাম এসএ গেমস) দুটি পৃথক ক্রীড়া প্রতিযোগিতা।

**৫৬. বাংলাদেশে সম্প্রতি এই জেলায় চা বাগান করা হয়—**

ⓚ পঞ্চগড় ⓚ দিনাজপুর ⓖ কুড়িগ্রাম ⓖ বান্দরবান

[Note : পঞ্চগড় জেলায় ২০০০ সালে একটি চায়ের বাগানে চারা লাগানো হয়েছে। দেশের উত্তরাঞ্চলে পরীক্ষামূলকভাবে প্রথম এ বাগানে চা রোপণ করা হয়। উল্লেখ্য, বাংলাদেশে ১৮৪০ সালে প্রথম চট্টগ্রামে চা বাগান তৈরির কাজ শুরু হয়। এর অব্যবহিত পরে ১৮৫৭ সালে সিলেটের মালিনীছড়ায় দেশের প্রথম বাণিজ্যিক চা বাগান প্রতিষ্ঠা করা হয়। ২৪ মার্চ ২০১৫ প্রথমবারের মতো নীলফামারীতে চা চাষ শুরু হয়। বর্তমানে বাংলাদেশ চা বোর্ডের নিবন্ধনকৃত চা বাগানের সংখ্যা ১৬৪টি।]

**৫৭. বাংলাদেশের এই জেলায় সম্প্রতি এই প্রথম রেল সংযোগ হয়—**

ⓚ ময়মনসিংহ ⓚ টাঙ্গাইল
ⓖ বরিশাল ⓖ সিরাজগঞ্জ

(ব্যাখ্যা) যমুনা সেতুর উপর দিয়ে রেলসংযোগ চালুর মাধ্যমে ঢাকার সাথে উত্তরবঙ্গের সরাসরি রেল যোগাযোগ প্রতিষ্ঠার জন্য টাঙ্গাইলে রেল সংযোগ স্থাপিত হয়। বাংলাদেশে প্রথম রেললাইন (ব্রডগেজ) স্থাপিত হয় ১৫ ফেব্রুয়ারি ১৮৬৪। প্রথম রেললাইন বসানো হয় দর্শনা থেকে কুষ্টিয়ার জগতি পর্যন্ত। উপমহাদেশে প্রথম রেলগাড়ি চালু হয় ১৮৫৩ সালে। উপমহাদেশে প্রথম রেলগাড়ি চালু করেন লর্ড ডালহৌসী।

**৫৮. আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন জাতীয় সংসদে পাস হয় কোন সালের কত তারিখে?**

ⓚ ১৭ এপ্রিল, ২০০২ ⓚ ৯ এপ্রিল, ২০০২
ⓖ ১৮ মার্চ, ২০০২ ⓖ ৩ এপ্রিল, ২০০২

(ব্যাখ্যা) রাস্তাঘাটে বিশৃঙ্খলা, যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি, ছিনতাই, চাঁদাবাজিসহ নানা সন্ত্রাসী কর্মকাণ্ডের মাধ্যমে আইনশৃঙ্খলা বিঘ্নকারী অপরাধের দ্রুত বিচার সম্পন্ন করার জন্য জাতীয় সংসদে ২০০২ সালের ৭ এপ্রিল 'আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) বিল ২০০২' উত্থাপন করা হয়। ৪ এপ্রিল এ আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদিত হয় এবং ৯ এপ্রিল তা পাস হয়। এ আইনে অপরাধীদের ২ থেকে ৫ বছর সশ্রম কারাদণ্ড ও অতিরিক্ত অর্থদণ্ডের বিধান প্রণয়ন করা হয়েছে।

**৫৯. দক্ষিণ তালপট্টি দ্বীপের অপর নাম কি?**

ⓚ কুতুবদিয়া ⓚ সোনাদিয়া
ⓖ সন্দ্বীপ ⓖ পূর্বাশা

উত্তর

| | |
|---|---|
| ৫১ | ক |
| ৫২ | গ |
| ৫৩ | খ |
| ৫৪ | খ |
| ৫৫ | ক |
| ৫৬ | ক |
| ৫৭ | খ |
| ৫৮ | খ |
| ৫৯ | ঘ |

www.boighar.com

(ব্যাখ্যা) *সাতক্ষীরা জেলার হাড়িয়াভাঙ্গা নদীর মোহনায় দক্ষিণ তালপট্টি দ্বীপ অবস্থিত। ভারতের নিকট এটি পূর্বাশা বা নিউমুর নামে পরিচিত। দ্বীপটি পানির নিচে তলিয়ে যাওয়ায় বর্তমানে এর কোনো অস্তিত্ব নেই।*

**৬০. হালদা ভ্যালি কোথায় অবস্থিত?**

ⓚ রাঙ্গামাটি ⓚ খাগড়াছড়ি ⓖ বান্দরবান ⓖ সন্দ্বীপ

(ব্যাখ্যা) *হালদা ভ্যালি খাগড়াছড়ি জেলায় অবস্থিত একটি উপত্যকা (Valley)। এছাড়াও পার্বত্য চট্টগ্রামে কাপ্তাই হ্রদ দ্বারা প্লাবিত আর একটি উপত্যকা হলো ভেঙ্গী ভ্যালি।*

**৬১. আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয়—**

ⓚ ১৯২৭ সালের ১২ আগস্ট ⓚ ১৯২৮ সালের ২৭ আগস্ট

ⓖ ১৯২৮ সালের ৩ নভেম্বর ⓖ ১৯২৯ সালের ৫ জানুয়ারি

(ব্যাখ্যা) *১৯২৮ সালের ২৭ আগস্ট ফ্রান্সের প্যারিসে 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয়। চুক্তিটি 'ক্যালগ-ব্রিয়াড' বলেও পরিচিত। কার্যকর হয় ২৪ জুলাই ১৯২৯। বহুপাক্ষিক এ চুক্তিটির মাধ্যমে জাতীয় নীতি বাস্তবায়নের ক্ষেত্রে যুদ্ধ পরিহারের কথা বলা হয়।*

**৬২. যুদ্ধ ও সশস্ত্র সংঘর্ষ সংক্রান্ত আইন প্রণয়ন বিষয়ে ১৯৪৯ সনের জেনেভা কনভেনশনসমূহ অভিহিত—**

ⓚ 'দুটি রেডক্রস কনভেনশন' নামে

ⓚ 'তিনটি রেডক্রস কনভেনশন' নামে

ⓖ 'চারটি রেডক্রস কনভেনশন' নামে

ⓖ 'পাঁচটি রেডক্রস কনভেনশন' নামে

(ব্যাখ্যা) *যুদ্ধ ও সশস্ত্র সংঘর্ষ সংক্রান্ত আইন প্রণয়ন বিষয়ে ১৯৪৯ সালের ১২ আগস্টের 'জেনেভা কনভেনশন'-এ যুদ্ধাহত ও যুদ্ধবন্দিদের সাথে আচরণবিধির ওপর বিশ্বের ৫৮টি দেশের মধ্যে ৪টি আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়। উল্লেখ্য, ১৯৫৪ সালের ২০ জুলাই সুইজারল্যান্ডের জেনেভা শহরে ফ্রান্স ও ভিয়েতনামের মধ্যে চলমান বিক্ষিপ্ত যুদ্ধ বন্ধে একটি চুক্তি স্বাক্ষরিত হয়, যা 'জেনেভা চুক্তি' নামে পরিচিত। বাংলাদেশ ১৩২তম দেশ হিসেবে জেনেভা কনভেনশনে নিবন্ধিত হয়।*

**৬৩. স্থায়ী সালিসী আদালত কোথায় অবস্থিত?**

ⓚ জেনেভায় ⓚ লন্ডনে ⓖ প্যারিসে ⓖ হেগে

(ব্যাখ্যা) *স্থায়ী সালিসী আদালত নেদারল্যান্ডের দ্য হেগ শহরে অবস্থিত বিভিন্ন দেশের মধ্যকার অমীমাংসিত বিষয়ে নিষ্পত্তিকারী বিশেষ সংস্থা। এটি 'ফার্স্ট হেগ পিচ কনফারেন্স'-এর একটি অ্যাক্টের অধীন ১৮৯৯ সালে প্রতিষ্ঠিত হয়।*

**৬৪. মানবাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কখন আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়?**

ⓚ ১৯৫০ সালে ⓚ ১৯৫৫ সালে ⓖ ১৯৬৫ সালে ⓖ ১৯৬৬ সালে

(ব্যাখ্যা) *বিশ্বের প্রতিটি মানুষের অধিকার সংরক্ষণ তথা মানবাধিকার বাস্তবায়নের লক্ষ্যে ১৯৬৬ সালে দুটি আন্তর্জাতিক চুক্তি স্বাক্ষরিত হয়। যথা : আন্তর্জাতিক নাগরিক ও রাজনৈতিক অধিকার চুক্তি এবং আন্তর্জাতিক আর্থ-সামাজিক সাংস্কৃতিক অধিকার চুক্তি। উল্লেখ্য, ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর মানুষের সহজাত মর্যাদা, সততা ও সমানাধিকার রক্ষায় একটি চুক্তি জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত হয়, যা 'মানবাধিকার চুক্তি' নামে পরিচিত।*

**৬৫. ইসিএ (ECA)-এর সদর দপ্তর কোথায়?**

ⓚ আদ্দিস আবাবা ⓚ নাইরোবি

ⓖ ডাকার ⓖ কায়রো

(ব্যাখ্যা) *ECA (Economic Commission for Africa)-এর সদর দপ্তর ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায়। এটি ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত হয়। এ সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য আফ্রিকার দেশসমূহের অর্থনৈতিক উন্নয়ন ও সুযোগ-সুবিধা বৃদ্ধি করা।*

**৬৬. 'ডেটন শান্তিচুক্তি' স্বাক্ষরিত হয় —**

ⓚ ১৯৯০ সালে ⓚ ১৯৯১ সালে ⓖ ১৯৯২ সালে ⓖ ১৯৯৩ সালে

[Note : *বসনিয়া-হার্জেগোভিনায় শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে যুক্তরাষ্ট্রের ওহিও অঙ্গরাজ্যের ডেটন শহরের রাইট-পেটারসন বিমানবাহিনী ঘাঁটিতে ১৯৯৫ সালের নভেম্বরে এক শান্তি চুক্তিতে উপনীত হওয়ার পর ১৪ ডিসেম্বর ১৯৯৫ সালে আনুষ্ঠানিকভাবে প্যারিসে যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় তাই ডেটন শান্তি চুক্তি নামে পরিচিত।*]

**৬৭. কোন চুক্তির মাধ্যমে ইইসি (EEC) প্রতিষ্ঠা লাভ করে?**

ⓚ রোম চুক্তি ⓚ ম্যাসট্রিষ্ট চুক্তি

ⓖ ভিয়েনা কনভেনশন ⓖ ব্রাসেলস্ কনভেনশন

(ব্যাখ্যা) *১৯৫৭ সালের ২৫ মার্চ রোম চুক্তির মাধ্যমে European Economic Community (EEC) গঠনের প্রস্তাব করা হলেও ১৯৫৮ সালের ১ জানুয়ারি European Community (EC) প্রতিষ্ঠা করা হয়। ১৯৯২ সালের ৭ ফেব্রুয়ারি ম্যাসট্রিচট চুক্তির মাধ্যমে EC-এর নাম পরিবর্তন করে European Union (EU) প্রতিষ্ঠা করা হয়, যা ১৯৯৩ সালের ১ নভেম্বর যাত্রা শুরু করে।*

**৬৮. MIGA কখন গঠিত হয়?**

ⓚ ১৯৮০ সালে ⓚ ১৯৮২ সালে ⓖ ১৯৮৫ সালে ⓖ ১৯৮৬ সালে

[Note : *MIGA-এর পূর্ণরূপ Multilateral Investment Guarantee Agency. এটি বিশ্বব্যাংক গ্রুপের অঙ্গসংস্থা হিসেবে ১৯৮৮ সালের ১২ এপ্রিল প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি। উন্নয়নশীল দেশসমূহে বৈদেশিক বিনিয়োগ উৎসাহিত করাই এ অঙ্গসংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য।*]

**৬৯. বিখ্যাত ল্যান্ডমার্ক টাওয়ার অবস্থিত—**

ⓚ নিউইয়র্কে ⓚ শিকাগোতে ⓖ টোকিওতে ⓖ লন্ডনে

[Note : *জাপানের ইয়োকোহামা শহরে অবস্থিত ল্যান্ডমার্ক টাওয়ার ১৯৯৩ সালে নির্মিত হয়। এর উচ্চতা ২৯৬.৩ মিটার বা ৯৭২ ফুট। এটা ৭৩তলাবিশিষ্ট।*]

**৭০. 'হ্যারিপটার' কি?**

ⓚ এক জাতীয় ধাতব পাত্র

ⓚ সাম্প্রতিককালে সর্বাধিক বিক্রীত একটি শিশুতোষ বই

ⓖ একজাতীয় গুচ্ছবোমা ⓖ এক ধরনের খেলনা

(ব্যাখ্যা) *'হ্যারিপটার' হলো সর্বাধিক বিক্রীত ও আলোচিত একটি শিশুতোষ সিরিজ বই। এর লেখিকা ইংল্যান্ডের জোয়ান ক্যাথরিন রোলিং। ১২/১৩ বছরের বালক হ্যারিপটার একটি জাদুকর পরিবারের ছেলে। গোল ফ্রেমের চশমার অ্যাডভেঞ্চারপ্রেমী কৌতূহলী বড় বড় চোখের এই ছেলে এবং 'উইজার্ড' স্কুলের নানারকম রহস্য ঘেরা চরিত্রগুলো হ্যারিপটারের অন্যতম আকর্ষণ।*

উত্তর

| | |
|---|---|
| ৬০ | খ |
| ৬১ | খ |
| ৬২ | গ |
| ৬৩ | ঘ |
| ৬৪ | ঘ |
| ৬৫ | ক |
| ৬৬ | Note |
| ৬৭ | ক |
| ৬৮ | Note |
| ৬৯ | Note |
| ৭০ | খ |

৭১. বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
ক) গ্রিসে খ) মেসোপটেমিয়ায়
গ) রোমে ঘ) ভারতে

(ব্যাখ্যা) *খ্রিষ্টপূর্ব ৫০০০ অব্দে টাইগ্রিস ও ইউফ্রেটিস (বর্তমান দজলা ও ফোরাত) নদীর তীরে বর্তমান সময়ের ইরাক, সিরিয়া, তুরস্ক ও ইরানে গড়ে ওঠা সভ্যতাকে মেসোপটেমীয় সভ্যতা নামে অভিহিত করা হয়। মেসোপটেমীয় সভ্যতার চারটি পর্যায় ছিল। এগুলো হলো সুমেরীয় সভ্যতা, ব্যবিলনীয় সভ্যতা, অ্যাশিরীয় সভ্যতা ও ক্যালডীয় সভ্যতা। গ্রিসে গড়ে ওঠে গ্রিক সভ্যতা ও রোমে গড়ে ওঠে রোমান সভ্যতা।*

৭২. ওআইসি-এর বর্তমান মহাসচিব কোন দেশের নাগরিক?
ক) বাংলাদেশ খ) তুরস্ক গ) মালয়েশিয়া ঘ) মরক্কো

[Note : *ওআইসির বর্তমান মহাসচিব ইউসুফ আল ওথাইমিন (একাদশ মহাসচিব) সৌদি আরবের নাগরিক। তিনি নভেম্বর ২০১৬ থেকে দায়িত্ব পালন করছেন। এ সংস্থাটি ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত।*]

৭৩. বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) পঞ্চম মিনিস্টারিয়াল কনফারেন্স কোথায় এবং কখন অনুষ্ঠিত হবে?
ক) নভেম্বর ২০০৩ ভারতের ব্যাঙ্গালোর
খ) ডিসেম্বর ২০০৩ কানাডার অটোয়া
গ) জানুয়ারি ২০০৪ পাকিস্তানের ইসলামাবাদ
ঘ) সেপ্টেম্বর ২০০৩ মেক্সিকোর কানকুন

(ব্যাখ্যা) *বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO) পঞ্চম মিনিস্টারিয়াল কনফারেন্স মেক্সিকোর পর্যটন নগরী কানকুনে ২০০৩ সালের ১০-১৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত হয়। ধনী ও দরিদ্র দেশগুলোর ব্যবধান হ্রাসকল্পে কোনো সিদ্ধান্ত ছাড়াই সম্মেলনের সমাপ্তি ঘটে। নবম মিনিস্টারিয়াল কনফারেন্স ৩-৬ ডিসেম্বর ২০১৩ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিত হয়। একাদশ মিনিস্টারিয়াল কনফারেন্স ১০-১৩ ডিসেম্বর ২০১৭ আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে অনুষ্ঠিত হয়।*

৭৪. নিকারাগুয়ার 'কন্ট্রা' বিদ্রোহীরা কোন দেশের সমর্থনপুষ্ট ছিল?
ক) যুক্তরাজ্য খ) যুক্তরাষ্ট্র গ) কোরিয়া ঘ) কিউবা

(ব্যাখ্যা) *কন্ট্রা নিকারাগুয়ার বিদ্রোহী গ্রুপ। দীর্ঘদিন ধরে এ গ্রুপটি সে দেশের সরকারের বিরুদ্ধে বিদ্রোহ চালিয়ে আসছিল। ১৯৮৫ সালের আগস্টে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের নিকট অস্ত্র বিক্রয়লব্ধ অর্থ দ্বারা কন্ট্রা বিদ্রোহীদের সাহায্য প্রদান করে। যদিও কালক্রমে ঘটনাটি ফাঁস হয়ে যায়।*

৭৫. ইসরাইল-প্যালেস্টাইন 'রোডম্যাপ' কর্মসূচির উদ্দেশ্য কি?
ক) সহিংসতা বন্ধ করে ২০০৫ সালের মধ্যে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্র প্রতিষ্ঠা করা
খ) দুটি রাষ্ট্রের মধ্যে সড়ক যোগাযোগ ব্যবস্থা স্থাপন
গ) দুটি রাষ্ট্রের মধ্যে অবাধ বাণিজ্য স্থাপন
ঘ) দুটি রাষ্ট্রের মধ্যে সীমানা চিহ্নিতকরণ

[Note : *ইসরাইল-ফিলিস্তিন সংঘাত অবসানের লক্ষ্যে প্রণীত একটি শান্তি পরিকল্পনা 'রোডম্যাপ'। মার্কিন যুক্তরাষ্ট্র ৩০ এপ্রিল ২০০৩ আনুষ্ঠানিকভাবে বহু প্রতীক্ষিত এই শান্তি পরিকল্পনা পেশ করে। জাতিসংঘ, যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন এবং রাশিয়া সমন্বিতভাবে প্রস্তাবিত এ রোডম্যাপের খসড়া প্রস্তুত ও অনুমোদন করে।*]

৭৬. নিচের কোন দেশটি G-8 ভুক্ত দেশ নয়?
ক) ফ্রান্স খ) যুক্তরাজ্য
গ) রাশিয়া ঘ) দি নেদারল্যান্ডস

(ব্যাখ্যা) *বিশ্বের সবচেয়ে ধনী দেশগুলোর সংগঠন জি-৬ প্রতিষ্ঠিত হয় ১৯৭৫ সালের ১৫ নভেম্বর। প্রতিষ্ঠাতা সদস্য যুক্তরাষ্ট্র, ব্রিটেন, ফ্রান্স, ইতালি, জাপান ও জার্মানি। ১৯৭৬ সালের ২৭ জুন কানাডা যোগ দিলে এর নামকরণ হয় জি-৭। ১৯৯৮ সালের ১৫ মে রাশিয়া সদস্যপদ লাভ করলে এর নাম হয় জি-৮। উল্লেখ্য, ২৪ মার্চ ২০১৪ রাশিয়ার সদস্যপদ স্থগিত করা হয়।*

৭৭. 'ব্রেটন উডস ইনস্টিটিউট' নিচের কোন সংস্থাকে বোঝায়?
ক) আইএমএফ খ) বিশ্বব্যাংক গ) এডিবি ঘ) আইডিবি

(ব্যাখ্যা) *দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্যাপকভাবে ধ্বংসপ্রাপ্ত ইউরোপের পুনর্গঠন এবং অর্থনৈতিক স্থিতিশীল অবস্থা বজায় রাখার জন্য ১৯৪৪ সালের ১-২২ জুলাই ব্রেটন উডসের জাতিসংঘ মনিটারি এন্ড ফিনান্সিয়াল কনফারেন্সে বিশ্বব্যাংক ও আইএমএফ গঠিত হয়। তাই আইএমএফ ও বিশ্বব্যাংক এ দুটি সংস্থাকেই ব্রেটন উডস ইনস্টিটিউট বলা হয়। বিশ্বব্যাংক আন্তর্জাতিক পুনর্গঠন ও উন্নয়নে এবং আইএমএফ প্রতিকূল বাণিজ্যিক অবস্থা মোকাবিলায় ঋণ প্রদান করে।*

৭৮. প্রথম ক্লোন শিশু 'ইভ'-এর জন্ম তারিখ কত?
ক) নভেম্বর ২০, ২০০২ খ) ডিসেম্বর ২৬, ২০০২
গ) জানুয়ারি ৭, ২০০৩ ঘ) মার্চ ২৩, ২০০৩

(ব্যাখ্যা) *২০০২ সালের ২৬ ডিসেম্বর ড. ব্রিজিত বোইসেলিয়ার পৃথিবীর প্রথম ক্লোন মানব শিশু 'ইভ'-এর জন্ম ঘটান। ৭ পাউন্ড ওজনের এই কন্যাশিশুটি সিজারিয়ান অপারেশনের মাধ্যমে পৃথিবীতে ভূমিষ্ঠ হয়।*

৭৯. A Long Walk to Freedom বইটির লেখক কে?
ক) হোসে গুসামাও খ) রবার্ট মুগাবে
গ) নেলসন ম্যান্ডেলা ঘ) অং সান সুচি

(ব্যাখ্যা) *বইটির প্রকৃত নাম 'Long Walk to Freedom'। এটি আফ্রিকার বর্ণবাদবিরোধী আন্দোলনের অন্যতম পথিকৃৎ নেলসন ম্যান্ডেলার (১৯১৮-২০১৩) আত্মজীবনীমূলক বই। নেলসন ম্যান্ডেলা এই বইয়ে তার ১৯৬৩ হতে ১৯৯০ সাল পর্যন্ত দীর্ঘ ২৭ বছরের কারাজীবনসহ নানা ঘটনা বর্ণনা করেছেন।*

৮০. 'লাইন অব কন্ট্রোল' বলতে কোন দুটি দেশের সীমান্তবর্তী রেখাকে চিহ্নিত করে?
ক) ইসরাইল ও জর্ডান খ) দক্ষিণ কোরিয়া ও উত্তর কোরিয়া
গ) চীন ও তাইওয়ান ঘ) ভারত ও পাকিস্তান

(ব্যাখ্যা) *এটি কাশ্মীরের পাকিস্তান ও ভারতের সীমান্ত বরাবর কাশ্মীর নিয়ন্ত্রণ রেখা। কারগিল ও দ্রাস এ নিয়ন্ত্রণ রেখার দুটি শহর। ১৯৯৯ সালের মে মাসে একদল জঙ্গী কাশ্মীরী এ রেখা অতিক্রম করে কারগিল পাহাড়ে আশ্রয় নিয়ে ভারতীয় সেনাদের ওপর আক্রমণ চালালে ভারত-পাকিস্তান যুদ্ধ বেঁধে যায়। পরে বিশ্ব নেতৃবৃন্দের হস্তক্ষেপে এ যুদ্ধের অবসান ঘটে।*

৮১. মস্তিষ্কের ক্ষমতা ক্ষয় পেতে থাকে স্নায়ু কোষের—
ক) এক-চতুর্থাংশ ধ্বংস হয়ে গেলে
খ) অর্ধেক ধ্বংস হয়ে গেলে
গ) এক-তৃতীয়াংশ বেড়ে গেলে
ঘ) এক-চতুর্থাংশ বেড়ে গেলে

উত্তর

| | |
|---|---|
| ৭১ | খ |
| ৭২ | Note |
| ৭৩ | ঘ |
| ৭৪ | খ |
| ৭৫ | ক |
| ৭৬ | ঘ |
| ৭৭ | ক,খ |
| ৭৮ | খ |
| ৭৯ | গ |
| ৮০ | ঘ |
| ৮১ | ক |

(ব্যাখ্যা) *মানুষের মস্তিষ্ক 'Cerebrum', 'Cerebellum' এবং 'Brain stem' নিয়ে গঠিত এবং মস্তিষ্কের বিভিন্ন অংশ বিভিন্ন কার্য সম্পাদন করে। স্নায়ু কোষের মাধ্যমেই মস্তিষ্ক উদ্দীপনা গ্রহণ করে ও উপযোগী সিদ্ধান্ত গ্রহণ করে যথাস্থানে পৌছানোর ব্যবস্থা করে। তাই মস্তিষ্কের স্নায়ুকোষ এক চতুর্থাংশ ধ্বংস হয়ে গেলে এর ক্ষমতা ক্ষয় পেতে থাকে।*

**৮২. রাসায়নিক অগ্নিনির্বাপক কাজ করে অগ্নিতে—**

ⓚ প্রচুর পরিমাণ অক্সিজেন সরবরাহ করে
ⓜ অক্সিজেন সরবরাহে প্রতিবন্ধকতা সৃষ্টি করে
ⓖ নাইট্রোজেন সরবরাহ করে
ⓓ হাইড্রোজেন সরবরাহ করে

(ব্যাখ্যা) *রাসায়নিক অগ্নিনির্বাপক জ্বলন্ত অগ্নিতে প্রচুর পরিমাণ কার্বন ডাই-অক্সাইডের সংমিশ্রণ ঘটিয়ে অক্সিজেন সরবরাহের প্রতিবন্ধকতা সৃষ্টির মাধ্যমে আগুনকে নিয়ন্ত্রণে আনে।*

**৮৩. আবাসিক বাড়ির বর্তনীতে সার্কিট ব্রেকার ব্যবহার করা হয়—**

ⓚ বিদ্যুৎ খরচ কমানোর উদ্দেশ্যে
ⓜ অতিমাত্রায় বিদ্যুৎ প্রবাহজনিত দুর্ঘটনা রোধের উদ্দেশ্যে
ⓖ বৈদ্যুতিক বাল্ব থেকে বেশি আলো পাওয়ার জন্য
ⓓ বৈদ্যুতিক যন্ত্রপাতি যাতে সুষ্ঠুভাবে কাজ করে

(ব্যাখ্যা) *বর্তনীতে সার্কিট ব্রেকার ব্যবহার করা হয় অতিমাত্রায় বিদ্যুৎ প্রবাহজনিত বৈদ্যুতিক দুর্ঘটনার হাত থেকে বৈদ্যুতিক যন্ত্রপাতি রক্ষার জন্য। সার্কিট ব্রেকারে টিন ও সিসার তৈরি একটি কম গলনাঙ্কের সঙ্কর ধাতুর তৈরি 'ফিউজ' বা তার ব্যবহার করা হয়। এর মধ্য দিয়ে একটি নির্দিষ্ট মাত্রায় অতিরিক্ত বিদ্যুৎ প্রবাহিত হলে এটি গলে গিয়ে বিদ্যুৎ বর্তনী বিচ্ছিন্ন হয়ে যায় এবং বৈদ্যুতিক দুর্ঘটনার হাত থেকে বৈদ্যুতিক যন্ত্রপাতি রক্ষা পায়।*

**৮৪. পরমাণু (Atom) চার্জ নিরপেক্ষ হয়, কারণ পরমাণুতে—**

ⓚ নিউট্রন ও প্রোটনের সংখ্যা সমান
ⓜ প্রোটন ও নিউট্রনের ওজন সমান
ⓖ নিউট্রন ও প্রোটন নিউক্লিয়াসে থাকে
ⓓ ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান

(ব্যাখ্যা) *ইলেকট্রন, প্রোটন ও নিউট্রনের সমন্বয়ে একটি পরমাণু গঠিত। নিউট্রন ও প্রোটনের সমন্বয়ে গঠিত হয় পরমাণুর নিউক্লিয়াস এবং ইলেকট্রন নিউক্লিয়াসের চারদিকে পরিভ্রমণ করতে থাকে। নিউক্লিয়াসের প্রোটন ধনাত্মক চার্জযুক্ত, নিউট্রন চার্জ নিরপেক্ষ এবং ইলেকট্রন ঋণাত্মক চার্জযুক্ত। একটি পরমাণুতে স্বাভাবিক অবস্থায় সর্বদা যতটা ইলেকট্রন থাকে ঠিক ততটা প্রোটন থাকে। তাই ঋণাত্মক ও ধনাত্মক চার্জ সমান থাকায় পরমাণু চার্জ নিরপেক্ষ হয়।*

**৮৫. মাইটোকন্ড্রিয়ায় কত ভাগ প্রোটিন?**

ⓚ ৭০% ⓜ ৭২% ⓖ ৭৩% ⓓ ৮০%

(ব্যাখ্যা) *কোষের সাইটোপ্লাজমের মাঝে বিক্ষিপ্তভাবে অবস্থিত ধূসর বর্ণের ও শক্তি উৎপাদনের বিশেষ ধরনের অঙ্গগুলোকে মাইটোকন্ড্রিয়া বলা হয়। একে কোষের পাওয়ার হাউজও বলে। এটি গঠিত হয় DNA, RNA, প্রোটিন, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়ামের সমন্বয়ে। এতে ৭৩% প্রোটিন, ২৫-৩০% লিপিড এবং সামান্য পরিমাণে RNA, DNA, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম রয়েছে।*

**৮৬. মূল নেই কোন উদ্ভিদে?**

ⓚ ফণিমনসা ⓜ বীরুৎ ⓖ গুল্ম ⓓ সাইকাস

(ব্যাখ্যা) *উপরিউক্ত সকল উদ্ভিদেরই মূল রয়েছে। ফণিমনসা টেরিডোফাইটা গ্রুপের উদ্ভিদ। এ জাতীয় উদ্ভিদের মূল, কাণ্ড ও পাতা থাকে কিন্তু ফুল ও ফল হয় না। কোমল কাণ্ডযুক্ত ছোট ছোট উদ্ভিদকে বীরুৎ বলে। যেমন- ধান, ছোলা, আদা ইত্যাদি। সাইকাস হচ্ছে ফ্যানেরোগ্যামিয়া (Phanerogamia) গ্রুপের উদ্ভিদ, যাদের ফুল হয় ও মূল, কাণ্ড প্রভৃতি থাকে এবং যেসব উদ্ভিদ আকারে ছোট ও কাষ্ঠল কিন্তু গুড়ি নেই তাদেরকে গুল্ম বলে। যেমন- গোলাপ, জবা ইত্যাদি। পৃথিবীতে কিছু শৈবাল ও ছত্রাক রয়েছে, যাদের মূল নেই। যেমন-মিউকর, সারগাসাম, ঈস্ট ইত্যাদি।*

**৮৭. রঙিন টেলিভিশন হতে ক্ষতিকর কোন রশ্মি বের হয়?**

ⓚ মৃদু রঞ্জন রশ্মি ⓜ বিটা রশ্মি
ⓖ গামা রশ্মি ⓓ কসমিক রশ্মি

(ব্যাখ্যা) *রঙিন টেলিভিশন থেকে এক ধরনের তেজস্ক্রিয় রশ্মি নির্গত হয়, যা গামা রশ্মি। তেজস্ক্রিয় আধান নিরপেক্ষ এ রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য খুবই ক্ষুদ্র, যার ফলে এর ভেদন ক্ষমতা অত্যন্ত বেশি। এ রশ্মি মানবদেহে ক্যান্সারসহ বিভিন্ন জটিল রোগের সৃষ্টি করতে পারে।*

**৮৮. 'ল্যাপটপ' কি?**

ⓚ ছোট কুকুর ⓜ পর্বতারোহণ সামগ্রী
ⓖ বাদ্যযন্ত্র ⓓ ছোট কম্পিউটার

(ব্যাখ্যা) *ল্যাপটপ হলো ব্রিফকেস আকৃতির সঙ্গে বহনযোগ্য এক ধরনের ছোট কম্পিউটার। যে কোনো স্থানে তাৎক্ষণিকভাবে রেখে এর দ্বারা কাজ করা সম্ভব। 'এপসন' কোম্পানি ১৯৮১ সালে এটি প্রথম তৈরি করে।*

**৮৯. এসবেসটস কি?**

ⓚ অগ্নি নিরোধক খনিজ পদার্থ
ⓜ কম ঘনত্ববিশিষ্ট তরল পদার্থ
ⓖ বেশি ঘনত্ববিশিষ্ট তরল পদার্থ
ⓓ এক ধরনের রাসায়নিক পদার্থ

(ব্যাখ্যা) *আঁশযুক্ত অগ্নিরোধক কঠিন পদার্থ বিশেষ। ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম সিলিকেট এর প্রধান উপাদান। এসবেসটস তাপসহ ও তাপ নিরোধক। এ বৈশিষ্ট্যের জন্য 'এসবেসটস' দমকল বাহিনীর পোশাক তৈরিতে ব্যবহৃত হয়।*

**৯০. পাহাড়ের উপর রান্না করতে বেশি সময় লাগে কেন?**

ⓚ বায়ুর চাপ বেশি থাকার কারণে
ⓜ বায়ুর চাপ কম থাকার কারণে
ⓖ পাহাড়ের উপর বাতাস কম থাকায়
ⓓ পাহাড়ের উপর তাপমাত্রা বেশি থাকায়

(ব্যাখ্যা) *উচ্চতা বৃদ্ধির সাথে সাথে বায়ুর চাপ কমে যায় এবং পানির স্ফুটনাঙ্কও কমতে থাকে। এরূপ অবস্থায় মাছ, মাংসসহ বিভিন্ন রান্নার বস্তু কম তাপে সিদ্ধ হয় না। এ জন্য স্বাভাবিক অবস্থার চেয়ে পাহাড়-পর্বতে রান্না করতে সময় বেশি লাগে।*

**৯১. $১^২ + ৩^২ + ৫^২ + .......... + ৩১^২$ সমান কত?**

ⓚ ২৫৮ ⓜ ২৫৬ ⓖ ২৫৪ ⓓ ২৫২

[Note : *প্রশ্নটিতে ভুল রয়েছে। ধারাটিতে বর্গ না থাকলে উত্তর ২৫৬ হতো।*]

উত্তর

| | |
|---|---|
| ৮২ | খ |
| ৮৩ | খ |
| ৮৪ | ঘ |
| ৮৫ | গ |
| ৮৬ | |
| ৮৭ | গ |
| ৮৮ | ঘ |
| ৮৯ | ক |
| ৯০ | খ |
| ৯১ | |

www.boighar.com

(ব্যাখ্যা) পদসংখ্যা = $\frac{৩১ - ১}{\text{প্রতিপদে বৃদ্ধি}} + ১ = \frac{৩০}{২} + ১ = ১৬$

যোগফল = $\frac{(১ + ৩১) \times ১৬}{২} = ২৫৬$

**৯২. এক ব্যক্তি একটি দ্রব্য ১২০০ টাকায় কিনে ১৫% লাভে বিক্রয় করল; ক্রেতা ঐ দ্রব্য তৃতীয় এক ব্যক্তির কাছে ৫% ক্ষতিতে বিক্রয় করল। শেষ বিক্রয়মূল্য কত ছিল?**

ক) ১২৮০ খ) ১২৮১ গ) ১৩১০ ঘ) ১৩১১

(ব্যাখ্যা) ১৫% লাভে,

১০০ টাকার জিনিস বিক্রয় করে (১০০+১৫) = ১১৫ টাকা

১২০০ " $\frac{১১৫ \times ১২০০}{১০০}$

= ১৩৮০ টাকা।

আবার, ৫% ক্ষতিতে,

১০০ টাকার জিনিস বিক্রয় করে (১০০-৫) = ৯৫ টাকা

∴ ১৩৮০ " $\frac{৯৫ \times ১৩৮০}{১০০}$ "

= ১৩১১ টাকা।

**৯৩. চালের দাম ২৫% বেড়ে যাওয়ায় এক ব্যক্তি চালের ব্যবহার এমনভাবে কমালেন যেন তার সাংসারিক ব্যয় অপরিবর্তিত থাকে। তিনি চালের ব্যবহার শতকরা কত ভাগ কমালেন?**

ক) ২০% খ) ১৬% গ) ১৮% ঘ) ১৫%

(ব্যাখ্যা) ২৫% বৃদ্ধিতে বর্তমান মূল্য = ১০০ + ২৫ = ১২৫ টাকা

বর্তমান মূল্য ১২৫ টাকা হলে পূর্বমূল্য ১০০ টাকা

১০০ " $\frac{১০০ \times ১০০}{১২৫}$

= ৮০ টাকা

চালের ব্যবহার = (১০০ − ৮০)% = ২০% কমাতে হবে।

**৯৪. কোন ভগ্নাংশটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত?**

ক) $\frac{৭৭}{১৪৩}$ খ) $\frac{১০২}{২৮৯}$ গ) $\frac{১১৩}{৩৫৫}$ ঘ) $\frac{৩৪৩}{১০০১}$

(ব্যাখ্যা) $\frac{৭৭}{১৪৩} = ০.৫৩৮$ $\frac{১০২}{২৮৯} = ০.৩৫২$

$\frac{১১৩}{৩৫৫} = ০.৩১৮$ $\frac{৩৪৩}{১০০১} = ০.৩৪২$

সবচেয়ে ছোট ভগ্নাংশ $\frac{১১৩}{৩৫৫}$ ।

**৯৫. এক ব্যক্তি তার মোট সম্পত্তির $\frac{৩}{৭}$ অংশ ব্যয় করার পরে অবশিষ্টের $\frac{৫}{১২}$ অংশ ব্যয় করে দেখলেন যে তার নিকট ১০০০ টাকা রয়েছে। তার মোট সম্পত্তির মূল্য কত?**

ক) ২০০০ টাকা খ) ২৩০০ টাকা

গ) ২৫০০ টাকা ঘ) ৩০০০ টাকা

(ব্যাখ্যা) মনে করি, মোট সম্পত্তি = ১ অংশ

অবশিষ্ট রইল $১ - \frac{৩}{৭} = \frac{৪}{৭}$

$\frac{৪}{৭}$ এর $\frac{৫}{১২}$ অংশ = $\frac{৫}{২১}$

প্রশ্নমতে, $\left(\frac{৪}{৭} - \frac{৫}{২১}\right)$ অংশ = ১০০০

বা, $\frac{৭}{২১}$ অংশ = ১০০০

বা, ১ অংশ = $\frac{২১ \times ১০০০}{৭} = ৩০০০$

**৯৬. একটি ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য ৫, ৬ ও ৭ মিটার। নিকটতম বর্গমিটারের ত্রিভুজটির ক্ষেত্রফল কত?**

ক) ১৬ বর্গমিটার খ) ১৫ বর্গমিটার

গ) ১৭ বর্গমিটার ঘ) ১৪ বর্গমিটার

(ব্যাখ্যা) বিষমবাহু ত্রিভুজের পরিসীমা 2s হলে

ক্ষেত্রফল = $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$ [a, b, c হলো বাহু]

পরিসীমা ১৮ হওয়ায় s = ৯ $\left[s = \frac{৫ + ৬ + ৭}{২}\right] = ৯$

ক্ষেত্রফল = $\sqrt{৯(৯-৫)(৯-৬)(৯-৭)}$ বর্গমিটার

= $\sqrt{৯ \times ৪ \times ৩ \times ২} = \sqrt{২১৬}$ বর্গমিটার

= ১৪.৬৯ বর্গমিটার।

**৯৭. ৯, ৩৬, ৮১, ১৪৪,.... এর পরবর্তী সংখ্যা কত?**

ক) ১৬৯ খ) ২২৫

গ) ২৫৬ ঘ) ২৭২

(ব্যাখ্যা) রাশিগুলো $৩^২, ৬^২, ৯^২, ১২^২, ১৫^২$ এভাবে দেয়া হয়েছে।

অতএব, শূন্যস্থানে পরবর্তী সংখ্যা হবে $১৫^২ = ২২৫$

**৯৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে তার পরিসীমা কত?**

ক) ৭০ মিটার খ) ৭৫ মিটার

গ) ৮০ মিটার ঘ) ৯০ মিটার

(ব্যাখ্যা) মনে করি প্রস্থ x মিটার হলে, দৈর্ঘ্য 3x মিটার

ক্ষেত্রফল = $3x^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $3x^2 = ৩০০$

বা, x = ১০

অর্থাৎ প্রস্থ ১০ মিটার হলে দৈর্ঘ্য = ৩ × ১০ = ৩০ মিটার

পরিসীমা = ২ × (৩০ + ১০) মি. = ২ × ৪০ মি.

= ৮০ মিটার।

**৯৯. x + y = 7 এবং xy = 10 হলে, $(x - y)^2$-এর মান কত?**

ক) 3 খ) 6 গ) 9 ঘ) 12

(ব্যাখ্যা) $(x - y)^2 = (x + y)^2 - 4xy$

$= 7^2 - 4 \times 10 = 49 - 40 = 9$

**১০০. $2x^2 + x - 15$-এর উৎপাদক কোনটি?**

ক) (x + 3)(2x − 5) খ) (x − 3)(2x − 5)

গ) (x − 3)(2x + 5) ঘ) (x + 3)(2x + 5)

(ব্যাখ্যা) $2x^2 + x - 15 = 2x^2 + 6x - 5x - 15$

$= 2x(x + 3) - 5(x + 3)$

$= (x + 3)(2x - 5)$

উত্তর

| | |
|---|---|
| ৯২ | ঘ |
| ৯৩ | ক |
| ৯৪ | গ |
| ৯৫ | ঘ |
| ৯৬ | খ |
| ৯৭ | খ |
| ৯৮ | গ |
| ৯৯ | গ |
| ১০০ | ক |